

কোভিড-19 পরীক্ষার আবেদন

1. সম্প্রতি হংকং-এ স্বল্প সময়ের মধ্যে বেশ কিছু সংখ্যক নিশ্চিত কোভিড-19 কেসের খবর পাওয়া গেছে।
2. যত দ্রুত সম্ভব গোষ্ঠী সংক্রমণ এড়ানোর জন্য সরকার বাধ্যতামূলক পরীক্ষার নোটিশ দিয়ে আসছে। যে সমস্ত ব্যক্তির একটি নির্দিষ্ট সময়কালে একটি বিল্ডিং-এ ছিলেন, তাঁদের একটি নির্দিষ্ট সময়সীমার মধ্যে বাধ্যতামূলক পরীক্ষা করাতে হবে। যত দিন না সংশ্লিষ্ট জেলায় সংক্রমণের সম্ভাবনা কমছে, তত দিন অন্দি সংশ্লিষ্ট তালিকা ক্রমাগত আপডেট করা হবে।
3. বাধ্যতামূলক পরীক্ষার নির্দেশপ্রাপ্ত ব্যক্তির আন্যমান নমুনা সংগ্রহের স্টেশন বা কমিউনিটি টেস্টিং সেন্টারগুলিতে বিনামূল্যে টেস্ট করাতে পারেন। হংকং, কৌলুন এবং নিউ টেরিটরিজে কমিউনিটি টেস্টিং সেন্টার রয়েছে। উদাহরণস্বরূপ, ইয়াও মা তেই-এর সেন্টার হল হেনরি জি লিয়ং ইয়াওমাতেই কমিউনিটি সেন্টার।
4. বাধ্যতামূলক পরীক্ষার নোটিশপ্রাপ্ত ব্যক্তিদের মাস্ক পরা ও হাত পরিষ্কার রাখা, বাড়িতে থাকা ও টেস্টের ফলাফল না আসা অন্দি বাইরে না আসা ইত্যাদি ব্যক্তিগত রোগ প্রতিরোধ বিধি যতটা সম্ভব মেনে চলা উচিত।
5. কোন ব্যক্তি বাধ্যতামূলক পরীক্ষার নোটিশ না মানলে তা অপরাধ হিসাবে গণ্য হবে এবং 5,000 ডলার জরিমানা দিতে হতে পারে।
6. নিজের স্বাস্থ্য বিষয়ে সন্দিহান বা সংক্রমণের ঝুঁকিযুক্ত ব্যক্তিদের(যেমন যে সমস্ত ব্যক্তির অতিমারী প্রভাবিত এলাকায় ভ্রমণ করেছেন) বাধ্যতামূলক পরীক্ষার নোটিশ না পাওয়া সত্ত্বেও পরীক্ষা করাতে অনুরোধ জানাচ্ছে সরকার।
7. পরীক্ষার সাম্প্রতিক ব্যবস্থা বিষয়ে জানার জন্য সরকারি ঘোষণা অনুসরণ করুন।
8. সরকার “কোভিড-19 থিম্যাটিক ওয়েবসাইট” (www.coronavirus.gov.hk) নামে একটি ওয়েবসাইট লঞ্চ করেছে যেখানে সাধারণ মানুষের বোঝার সুবিধার জন্য কোভিড-19 সংক্রমণ বিষয়ে সাম্প্রতিক আপডেট ও স্বাস্থ্যবিষয়ক উপদেশ দেওয়া হচ্ছে।
9. জাতিগত সংখ্যালঘুদের সাম্প্রতিক আপডেট লাভের সুবিধার জন্য ওয়েবসাইটের মূল বিষয়গুলি নয়টি আলাদা আলাদা ভাষায় অনুবাদ করা হয়েছে।
10. কোভিড-19 অতিমারী দমনে চলুন আমরা একসাথে প্রতিরোধ গড়ে তুলি।